# ধানের শীষ ব্লাস্ট রোগের সতর্কীকরণ ও দমন ব্যবস্থাপনা

## Early Warning for Rice Neck Blast Disease and Management

আবহাওয়ার পূর্বাভাস অনুযায়ী আগামী কয়েকদিন সারা দেশে ধানের শীষ/নেক ব্লাস্ট রোগের জন্য অনুকুল পরিবেশ বিরাজ করবে। বর্তমানে কৃষকের মাঠে ধান গাছ থোড় থেকে ফুল ফোঁটা পর্যায়ে আছে বিধায় চলতি বোরো মওসুমে শীষ ব্লাস্ট রোগ দেখা দেওয়ার সমূহ সম্ভাবনা আছে। বিশেষ করে ব্রি ধান২৮, ব্রি ধান৫০, ব্রি ধান৬৩, ব্রি ধান৮১, ব্রি ধান৮৪, ব্রি ধান৮৮ সহ সরু, আগাম ও সুগন্ধি জাতে শীষ ব্লাস্ট রোগ বেশী হতে পারে। শুধু মাত্র এই একটি রোগের কারণেই বোরো ধানের উৎপাদন মারাত্মক ভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে। তবে সঠিক সময়ে সঠিক ব্যবস্থা নিলে এ রোগের আক্রমণ থেকে ধানকে রক্ষা করা সম্ভব। আসুন আমার সবাই ধানের ব্লাস্ট রোগ দমনের ব্যাপারে সচেতন হয়ে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ দেশের খাদ্য উৎপাদনের সক্ষমতাকে অব্যহত রাখতে সাহায্য করি।

**শীষ ব্লাস্ট রোগের লক্ষণঃ**

ব্লাস্ট রোগের অনুকুল পরিবেশে ধানের ডিগ পাতা ও শীষের গোড়ার সংযুক্ত স্থানে কালচে বাদামি দাগ তৈরী হয়। পরবর্তীতে আক্রান্ত শীষের গোড়া পঁচে যাওয়ায় গাছের খাবার শীষে যেতে পারে না, ফলে শীষ শুকিয়ে দানা চিটা হয়ে যায়। দেরিতে আক্রান্ত শীষ ভেঙ্গে যেতে পারে। শীষের গোড়া ছাড়াও শীষের অন্য যে কোন স্থানে এ রোগের জীবাণু আক্রমণ করতে পারে।



চিত্র: শীষ ব্লাস্ট রোগে আক্রান্ত ধান গাছ।

**শীষ ব্লাস্ট রোগ দমনে করণীয়ঃ**

- ✓ শীষ ব্লাস্ট রোগ দেখা দিক বা না দিক এখন জমিতে পানি ধরে রাখতে হবে।
- ✓ শীষ ব্লাস্ট রোগের অনুকুল পরিবেশে ধানের জমিতে রোগ হোক বা না হোক, থোড় ফেটে শীষ বের হওয়ার সময় একবার এবং এর ৫-৭ দিন পর আরেকবার প্রতি বিঘা (৩৩ শতাংশ) জমিতে ৫৪ গ্রাম ট্রুপার ৭৫ডব্লিউপি/দিফা ৭৫ডব্লিউপি/জিল ৭৫ডব্লিউপি অথবা ৩৩ গ্রাম নাটিভো ৭৫ডব্লিউজি, অথবা ট্রাইসাইক্লাজল/স্ট্রবিন গ্রুপের অনুমোদিত ছত্রাকনাশক অনুমোদিত মাত্রায় ৬৭ লিটার পানিতে ভালভাবে মিশিয়ে শেষ বিকালে স্প্রে করতে হবে। মনে রাখতে হবে, শীষ ব্লাস্ট রোগ দমনের জন্য অবশ্যই রোগ হওয়ার আগেই ছত্রাকনাশক প্রয়োগ করতে হবে।

**প্রচারে: উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ, ব্রি, গাজীপুর-১৭০১**

বিস্তারিত তথ্যের জন্য বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর প্রধান কার্যালয়সহ আঞ্চলিক কার্যালয়সমূহ / নিকটস্থ কৃষি সম্প্রসারণ অফিস (ডিএই) যোগাযোগ করুন।

কয়েকটি জরুরি ফোন নম্বর ও ওয়েবসাইট: ০২-৪৯২৭২০০৫-১৪ এক্স. ৩৮৯ অথবা মোবাইল: ০১৭১১-১৬০০৪১ (নাগরিক তথ্য সেবা ও সহায়ক কেন্দ্র, ব্রি, গাজীপুর); ০২-৪৯২-৭২০৫৪ (উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ, ব্রি, গাজীপুর); www.brri.gov.bd

কপি সংখ্যা: ১০,০০০; ব্রি প্রকাশনা নম্বর: ২৯৮; প্রকাশকাল: এপ্রিল ২০২০